

আল-জিন্ন | Al-Jinn | الْجِنِّ

আয়াতঃ ৭২ : ২৫

আরবি মূল আয়াত:

قُلْ إِنْ أَدْرَىٰ أَقْرَبُ مَا تُوْعَدُونَ أَمْ يَجْعَلُ لَهُ رَبِّي أَمَدًا ﴿٢٥﴾

অনুবাদসমূহ:

বল, ‘আমি জানি না তোমাদেরকে যার প্রতিশ্রুতি দেয়া হয়েছে, তা কি নিকটবর্তী নাকি এর জন্য আমার রব কোন দীর্ঘ মেয়াদ নির্ধারণ করবেন’। — আল-বায়ান

বল- ‘আমি জানি না তোমাদেরকে যার প্রতিশ্রুতি দেয়া হয়েছে তা কি নিকটবর্তী, না তার জন্য আমার প্রতিপালক কোন দীর্ঘ মেয়াদ নির্দিষ্ট করবেন।’ — তাইসিরুল

বলঃ আমি জানিনা তোমাদেরকে যে শাস্তির প্রতিশ্রুতি দেয়া হয়েছে তা কি আসন্ন, না কি আমার রাব্ব এর জন্য কোন দীর্ঘ মেয়াদ স্থির করবেন? — মুজিবুর রহমান

Say, "I do not know if what you are promised is near or if my Lord will grant for it a [long] period." — Sahih International

২৫. বলুন, আমি জানি না তোমাদেরকে যে প্রতিশ্রুতি দেয়া হয়েছে তা কি আসন্ন, না আমার রব এর জন্য কোন দীর্ঘ মেয়াদ স্থির করবেন।

তফসীরে জাকারিয়া

(২৫) বল, ‘আমি জানি না, তোমাদেরকে যে (শাস্তির) প্রতিশ্রুতি দেওয়া হয় তা কি আসন্ন, না আমার প্রতিপালক এর জন্য কোন দীর্ঘ মেয়াদ স্থির করবেন?’ [1]

[1] অর্থাৎ, আযাব অথবা কিয়ামতের জ্ঞান। এর সম্পর্ক হল অদৃশ্য বিষয়ের সাথে, যা কেবল মহান আল্লাহই জানেন যে, তা নিকটে, না আরো দেরী আছে?

তফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5472>